

**নিয়োগ বিজ্ঞপ্তি**

জালানি নিরাপত্তা নিশ্চিতকরণে আরপিজিসিএল অঙ্গীকারবদ্ধ

স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.০০০.৩০৩.১১.০০০২.২৬.২২১

তারিখ: ২২ এপ্রিল ২০২৬

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর প্রধান কার্যালয়ে সম্পূর্ণ সাময়িক ও অস্থায়ী ভিত্তিতে মেডিক্যাল অফিসার (রিটেইনার) নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হলো:

ক্রমিক	পদের নাম	সম্মানি ও সময়	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স
০১।	মেডিক্যাল অফিসার (রিটেইনার)	সর্বসাকুল্যে মাসিক সম্মানি ৳ ৬০,০০০/- (ষাট হাজার) সময়: সকাল ৯.০০ টা থেকে বেলা ২.০০ টা (অফিস সময়ের পরে ও ছুটির দিনে on call-এ)	০১ (এক) টি	<ul style="list-style-type: none"> <li>সরকার অনুমোদিত মেডিক্যাল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রি। বিএমডিসি'র হালনাগাদ রেজিস্ট্রেশনপ্রাপ্ত।</li> <li>সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে মেডিক্যাল অফিসার পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা।</li> <li>বয়সসীমা: সর্বোচ্চ ৬২ বছর।</li> </ul>

**শর্তাবলি:**

- আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে বাংলায় (ক) নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) জন্ম তারিখ ও বয়স (ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বর (চ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ছ) যোগাযোগ (মোবাইল ফোন ও ই-মেইল) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিভাগ/শ্রেণি/গ্রেড, শিক্ষা প্রতিষ্ঠান, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়) (ট) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত ডকুমেন্ট দাখিল করতে হবে:
  - সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশিটের সত্যায়িত কপি।
  - অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
  - বিএমডিসি'র হালনাগাদ রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি।
  - সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
  - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- আবেদনপত্র মহাব্যবস্থাপক (প্রশাসন), রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, আরপিজিসিএল ভবন (৫ম তলা), নিউ এয়ারপোর্ট রোড, প্লট-২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর কুরিয়ার/ডাকযোগে আগামী ২১ মে ২০২৬ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- প্রার্থীর বয়সসীমা ২২ এপ্রিল ২০২৬ তারিখে সর্বোচ্চ ৬২ বছর হতে হবে।
- কোম্পানির প্রধান কার্যালয়ের (আরপিজিসিএল ভবন, নিউ এয়ারপোর্ট রোড, প্লট # ২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা) মেডিক্যাল রুমে প্রতি কার্যদিবসে সকাল ৯.০০ টা থেকে বেলা ২.০০ টা (অফিস সময়ের পরে ও ছুটির দিনে on call-এ) চিকিৎসা সেবা প্রদান করতে হবে।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরির প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীদের আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র সঠিক/গ্রহণযোগ্য বিবেচিত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকার গ্রহণের সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সর্বসাকুল্যে মাসিক সম্মানি ব্যতীত অন্য কোনো সুবিধা প্রদেয় হবে না।
- প্রাথমিকভাবে নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।
- খামের উপর প্রার্থীর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাকে কোনো ধরনের অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে না।
- কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ নিয়োগ সম্পূর্ণ সাময়িক ও অস্থায়ী ভিত্তিতে এবং খণ্ডকালীন হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত তথ্য আরপিজিসিএল-এর ওয়েবসাইটে (www.rpgcl.org.bd) পাওয়া যাবে।

-মহাব্যবস্থাপক (প্রশাসন)

২২-৪-২০২৬